

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩ ১৬

আগরতলা, ১১ অক্টোবর, ২০২৩

ধলাই জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ

জনজীবনে শান্তি, সুস্থিতি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে ধলাই জেলার জেলাশাসক এক আদেশে গন্ডাতুইসা মহকুমার রইস্যাবাড়ি বাজার এলাকা ব্যতীত জেলার সবকটি মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ১ কিলোমিটার এলাকায় সাধারণ মানুষের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। ভারতীয় ফৌজদারি দন্ডবিধি ১৯৭৩-এর ১৪৪ ধারা অনুসারে এই আদেশ জারি করা হয়েছে। এই বিধিনিষেধ গত ৯ অক্টোবর, ২০২৩ থেকে কার্যকর হয়েছে এবং আগামী ১০ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত তা বলবৎ থাকবে। আদেশে বলা হয়েছে, এই বিধিনিষেধ এই সময়ের মধ্যে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক এবং রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, ধলাই জেলার পুলিশ সুপার এবং ধলাই জেলার সবকটি মহকুমার মহকুমা শাসকদের বৈধ অনুমতিপ্রাপ্ত ব্যক্তিগণ, জরুরি সরকারি কাজে নিযুক্ত সরকারি কর্মচারীগণ এবং অবিলম্বে চিকিৎসা প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন।
